

আপনি কি চিন্তিত আপনার সন্তানকে হয়তো অপরাধ কাজে ব্যবহার করা হচ্ছে?

আপনি কি সন্দেহ হয় যে, আপনার সন্তান ড্রাগ বেচা বা অন্য কোনো ধরনের অপরাধমূলক কাজে জড়িত থাকতে পারে? সম্প্রতি আপনার সন্তানের আচার আচরণে আপনি কি পরিবর্তন লক্ষ্য করেছেন কিন্তু পরিবর্তনের কারণ বুঝতে পারছেন না?

অপরাধ কাজে ব্যবহার বলতে কি বোঝানো হয়?

- যখন বাচ্চাদেরকে ব্যবহার করা হয়, কখনো কখনো গ্যাং/গ্রুপ এর অংশ হিসাবে, অপরাধমূলক কাজে, যেমন ড্রাগ/অস্ত্র বহন বা বিক্রি করায়, টিকেট মেশিন থেকে পয়সা বের করায়, ডাকাতি বা রোবারিতে সাহায্য করা ব্যবহার করায়
- যুব সম্প্রদায় অনেক সময় এটাকে বলে থাকে 'গোয়িং কাঞ্চ' 'গোয়িং কান্ডি' 'গোয়িং ও.টি'।

- কখনো কখনো বাচ্চাদেরকে তাদের এলাকার বাইরে পাঠানো হয়। ফলে তারা একেক বারে কয়েক দিনের জন্য বাইরে থাকতে পারে
- যখন প্রাপ্ত বয়স্করা বাচ্চাদেরকে অপরাধমূলক কাজ করতে পাঠায় প্রাপ্তবয়স্কদের নিজেদের, বা গ্যাং/গ্রুপ এর লাভের জন্য তখন সেটাকে বলা হয় অপরাধ কাজে ব্যবহার এবং পাচার (এক্সপ্লয়টেশন এন্ড ট্রাফিকিং)।

গুরুত্ব দিয়ে মনে রাখবেন যে, আপনি একা নন এবং নিজেকে দোষবেন না।

আপনার মত একই পরিস্থিতিতে আরো অনেক মা-বাবা এবং অভিভাবক আছেন।

আপনার সন্তানের সুরক্ষার জন্য আপনি কিছু কাজ করতে পারেন:

- চিলড্রেন সোস্যাল কেয়ার বিভাগকে আপনার মনের উদ্বেগ বা আশংকা জানান। আপনার সন্তানের সুরক্ষার জন্য বিভিন্ন ধরনের পদক্ষেপ নিতে একজন সোস্যাল ওয়ার্কার আপনাকে সাহায্য করবেন। আপনার আশংকার উপর ভিত্তি করে সোস্যাল ওয়ার্কার পরিবারের বাইরে আপনার সন্তান ক্ষতির শিকার হওয়ার ঝুঁকি নির্ণয় করবেন।
- আপনার আরো সাহায্যের দরকার হলে অন্যান্য পেশাদারদের কাছে যান, যেমন: জি.পি, স্কুল, পুলিশ বা ইয়ুথ ওয়ার্কার।
- আপনার আশংকার কথা পুলিশকে জানাতে পারেন। তাদেরকে বলতে পারেন, 'আমার সন্দেহ হয় যে আমার সন্তানকে অপরাধমূলক কাজে ব্যবহারের জন্য বিভিন্ন জায়গায় তাকে পাচার করা হচ্ছে'।
- আপনার সন্তান যেখানে থাকার কথা সেখানে যদি সে না থাকে তবে সাথে সাথে 101 নাম্বারে ফোন করে হারানোর সংবাদ দিন। এর জন্য আপনাকে 24 ঘন্টা অপেক্ষা করতে হবে না।
- যদি আপনার সন্তানকে কেউ গাড়িতে উঠিয়ে থাকে, অথবা তার কাছে ট্রেইনের বা বাসের টিকেট পাওয়া যায়, তবে এগুলোর বিস্তারিত লিখে রাখবেন পুলিশ বা সোস্যাল ওয়ার্কারকে দেওয়ার জন্য।
- আপনার সন্তানকে অপরাধ কাজে ব্যবহারের আরো প্রমাণ থাকতে পারে, যেমন সোস্যাল মিডিয়ায় আলাপন এবং টাকাপয়সা, জামাকাপড় বা উপহার সামগ্রী, আচার আচরণে পরিবর্তন, ইত্যাদি, যেগুলোর কোনো ব্যাখ্যা নেই। যথা সম্ভব ক্ষেত্রে এগুলোর বিস্তারিত লিখে রাখবেন।

পুলিশকে জানানোর বিষয়টি নিয়ে দুশ্চিন্তা করবেন না – আপনার সন্তানকে রক্ষা করার জন্যই তা করবেন।

- আপনার মনের আশংকা বা উদ্বেগ নিয়ে আপনার সন্তানের সংগে আলাপ করুন
- তাকে বলুন যে, তাকে আপনি শাস্তি দেবেন না – আপনি শুধু চিন্তিত তাকে নিয়ে
- আপনার সন্তানকে যারা ব্যবহার করছে তারা আপনাকে বা আপনার পরিবারকে হুমকি দিয়ে থাকতে পারে। আপনার সন্তান মনে করতে পারে তারা আপনাকে

রক্ষা করছে। আপনার সন্তানকে বলবেন, হুমকি সম্পর্কে আপনার জানা আছে।
আপনাকে রক্ষা করা ওদের দায়িত্ব নয়।

পাচার করার ও অপরাধ কাজে ব্যবহারের আরো লক্ষণ আছে। আপনি আরো অনেক
ভাবে সাহায্য নিতে পারেন

- আপনার সন্তানের তাৎক্ষণিক নিরাপত্তা নিয়ে চিন্তিত থাকলে পুলিশকে 999 নাম্বারে ফোন করবেন
- আপনার সন্তানের ব্যাপারে আপনার উদ্বেগ যদি জরুরী না হয়, তবে আপনার লোক্যাল চিলড্রেন্স সার্ভিসেস
সেইফগার্ডিং টিমকে ফোন করবেন বা এন.এস.পি.সি-কে 0808 800 5000 নাম্বারে ফোন করবেন।
- যদি আপনার সন্তান কারোর সংগে কথা বলতে চায় তবে সে চাইল্ডলাইনকে 0800 1111 নাম্বারে বা গেট
কানেক্টেডকে 0808 808 4994 (টেকস্ট 80849) নাম্বারে ফোন করতে পারে।